

ফতওয়া নং ৩৯৪

প্রশ্ন:

আমার একটা প্রশ্ন হলো যে আমার স্ত্রীর কাছে এক লাখ টাকার সোনা আছে কিন্তু টাকা নেই তাহলে কিভাবে সে যাকাত দেবে আর কুরবানিই বা কিভাবে দেবে একটু জানাবেন দয়া করে এই প্রশ্নটি কিন্তু অনেকের।

উত্তর:

আপনার স্ত্রী সাহেবে নিসাব হওয়ার কারণে তার উপর কুরবানী ও যাকাত ওয়াজিব। কাছে যাকাত দেওয়ার মতো টাকা না থাকলে ঋণ নিয়ে বা সোনার চল্লিশ ভাগের একভাগ দ্বারাও যাকাত আদায় করতে পারে। অনুরূপ ভাবে ঋণ নিয়ে বা সোনার কিছু অংশ বিক্রি করেও কুরবানী করতে পারে। আর আপনি যদি আপনার স্ত্রীর অনুমতিতে তার পক্ষ থেকে আদায় করে দেন, সেটাও জাইয ও যথেষ্ট হবে। (ফাতাওয়া মুফতী মাহমুদ ৩/২৪৭ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৮ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (07/06/2024)